# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৩০,২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
সরকার

শিক্ষা মন্ত্রণালয়
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
প্রজ্ঞাপন

তারিখ, ১৫ শ্রাবণ ১৪১৩/৩০ জুলাই
২০০৬

এস আর, ও নং ১৮৯-আইন/২০০৬।--বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ (২০০৫ সনের ১ নং

আইন) এর ধারা ২১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম ।- এই বিধিমালা বেসরকারি শিক্ষক নিবন্ধন, পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) ‘‘আইন’’ অর্থ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ (২০০৫ সনের ১ নং আইন);

(খ) ‘‘কর্তৃপক্ষ’’ অর্থ আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ;

(গ) ‘‘ডিগ্রী’’ বা ‘‘ডিপেস্নমা’’ বা ‘‘সার্টিফিকেট’’ অর্থ ক্ষেত্রমত স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত ইনস্টিটিউট, স্বীকৃত প্রতিষ্ঠান বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপেস্নামা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট;

(ঘ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার সহিত সংযোযিত তফসিল;

(ঙ) পরীক্ষা অর্থ আইনের ধারা ৮ এর দফা (ঘ) এর উদ্দেশ্য পূরণকল্পে গৃহীত পরীক্ষা ;

(চ) ''পদ'' অর্থ দ্বিতীয় তফসিলে উলিস্নখিত কোন পদ;

(ছ) ''প্রত্যয়নপত্র'' অর্থ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা পেশায় নিয়োগের যোগ্যতা নির্দেশক প্রত্যয়নপত্র;

(জ) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ দ্বিতীয় তফসিলে উলিস্নখিত যোগ্যতা ;

(ঝ) ''প্রার্থী'' অর্থ প্রত্যয়নপত্র লাভের উদ্দেশ্যে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কোন ব্যক্তি;

(ঞ) ''ফরম'' অর্থ এই বিধিমালার চতুর্থ তফসিলের সহিত সংযোজিত কোন ফরম;

(ট) ''স্বীকৃত ইনস্টিটিউট'' বা ''স্বীকৃত প্রতিষ্ঠান'' অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত কোন ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান ;

(ঠ) ''স্বীকৃত বিশ্ববিদ্যালয়'' অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অমতর্ভূক্ত হইবে;

(ড) ''স্বীকৃত বোর্ড '' অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বোর্ডও ইহার অমতর্ভূক্ত হইবে।

(ঢ) '' শিক্ষক'' অর্থ শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক ।

(ণ) ''এলাকা'' অর্থ সংশিস্নষ্ট উপজেলা বা, ক্ষেত্রমত , জেলার অধিক্ষেত্র অথবা কর্তৃপক্ষ কর্তৃক এলাকা হিসাবে চিহ্নিত উহার কোন প্রশাসনিক অধিক্ষেত্র।

৩। শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়নের জন্য পরীক্ষা গ্রহণ।--

(১) শিক্ষক হিসাবে নিবন্ধন ও প্রত্যয়নের জন্য প্রার্থীদের যোগ্যতা নিরুপণ ও এতদ্বিষয়ে প্রত্যয়নপত্র প্রদানের উদ্দেশ্যে কর্তৃপক্ষ প্রতি পঞ্জিকা বর্ষে অমতত একবার পরীক্ষা গ্রহণ করিবে।

(২) ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর এবং প্রয়োজনবোধে, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য স্থানে এই পরীক্ষা অনুষ্ঠিত হইবে ।

(৩) শিক্ষক হিসাবে নিবন্ধন ও প্রত্যয়নের যোগ্যতা নিরুপণের জন্য প্রতিটি বিষয়ে নৈর্ব্যক্তিক বা রচনামূলক অথবা নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নের সমন্বয়ে লিখিত পরীক্ষা গ্রহণ করিতে হইবে।

(৪) পরীক্ষা গ্রহণের অন্যূন ষাট দিন পূর্বে পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত বিস্তারিত সময়সূচী এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্য সম্বলিত বিজ্ঞপ্তি কমপক্ষে বহুল প্রচারিত দুইটি বাংলা ও একটি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় এবং শিক্ষা মন্ত্রণালয় ও এনটিআরসিএ এর ওয়েবসাইটে প্রচার করিতে হইবে।

(৫) উপবিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা কার্যকর হইবার পর প্রথমবার পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে উপ- বিধি (৪) এ উলিস্নখিত ষাট দিনের কম সময় পূর্বেও পরীক্ষার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত বিজ্ঞপ্তি প্রচার করা যাইবে।

(৬) সরকারের পূর্বানুমোদন সাপেক্ষে, কর্তৃপক্ষ, কর্তৃপক্ষের অধীনে গঠিত সিলেবাস প্রণয়ন/হালনাগাদকরণ সংক্রামত্ম বিশেষজ্ঞ কমিটির সুপারিশক্রমে শিক্ষক নিবন্ধন পরীক্ষার মোট নম্বর, শিক্ষার ধারা ও সত্মর (Stream and Level)-ভিত্তিক পরীক্ষার বিষয়সমূহ, পরীক্ষার অংশ (আবশ্যিক, ঐচ্ছিক), সংশিস্নষ্ট বিষয়ের পূর্ণমান, বিষয়বস্ত (Content), প্রশ্নপত্রের মান (Standard), রুপরেখা, ধারা, মানবন্টন/নম্বর বিন্যাস ইত্যাদি সম্বলিত যথোপযুক্ত পরীক্ষার সিলেবাস প্রণয়ন, উন্নয়ন ও হালনাগাদ করিতে পারিবে।

৩ক। শুন্যপদের সংখ্যা নিরুপণ।--

(১) কর্তৃপক্ষ, প্রতি বৎসর নভেম্বর মাসের মধ্যে, জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে জেলাধীন সংশিস্নষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পদ ও বিষয়-ভিত্তিক শুন্য পদের তালিকা সংগ্রহ করিবে।

(২) সংশিস্নষ্ট উপজেলা বা থানা মাধ্যমিক শিক্ষা অফিসার উপ-বিধি (১) এ উলিস্নখিত তালিকা প্রনয়ণ করিয়া অক্টোবর মাসের মধ্যে জেলা শিক্ষা অফিসারের নিকট দাখিল করিবেন।

(৩) জেলা শিক্ষা অফিসার উক্ত তালিকার সঠিকতা যাচাইক্রমে কর্তৃপক্ষের অনুকূলে প্রেরণ করিবেন এবং কর্তৃপক্ষ উক্ত তালিকার ভিত্তিতে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করিবে।

৪। পরীক্ষায় অংশগহ্রণের যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী।-- কোন প্রার্থী এই বিধিমালার অধীন নিবন্ধন ও প্রত্যয়নের জন্য অনুষ্ঠিতব্য পরীক্ষায় যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না , যদি --

(ক) তিনি যে পদে নিবন্ধিত হইতে ইচ্ছুক, সেই পদের জন্য তাহার প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা না থাকে; (খ) তিনি বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডসিমাইল না হন;

(গ) তিনি এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন;

(ঘ) তিনি কোন সরকারি বা বেসরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা সরকারি বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হইতে বরখাস্ত হইয়া থাকেন এবং উক্ত বরখাস্তের তারিখ হইতে ২(দুই) বৎসর অতিক্রামত না হইয়া থাকে;

(ঙ) তিনি কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত কারণে যে কোন মেয়াদে কারাদন্ড বা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হইয়া থাকেন;

(চ) তিনি উক্ত পদের জন্য কর্তৃপক্ষ কর্তৃক আবেদনপত্র আহবানের বিজ্ঞপ্তিতে উলিস্নখিত ফিসসহ যথাযথ ফরমে আবেদন না করেন বা নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল না করেন; এবং

(ছ) তিনি কোন সরকারি বা বেসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন পত্র দাখিল না করেন ।

৫। আবেদনপত্র দাখিল, পরীক্ষার ফিস ইত্যাদি ।--

(১) কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত আবেদনপত্র দাখিলের জন্য জারীকৃত বিজ্ঞপ্তিতে উলিস্নখিত নির্ধারিত সময়ের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী আবেদন করিতে হইবে এবং নির্দেশনায় উলিস্নখিত সময়ের পরে প্রাপ্ত সকল আবেদন বাতিল বলিয়া গন্য হইবে।

(২) একজন প্রার্থীকে, তিনি দ্বিতীয় তফসিলের কলাম (২)এ উলিস্নখিত যে পদের জন্য নিবন্ধিত হইতে ইচ্ছুক আবেদন পত্রে তাহা উলেস্নখ করিতে হইবে।

(৩) কর্তৃপক্ষ কর্তৃক নিধারিত পদ্ধতিতে (ম্যানুয়েল/অনলাইন) প্রথম তফসিলে উলিস্নখিত ফিস এর বিনিময়ে রশিদ/প্রমাণপত্র গ্রহণের মাধ্যমে আবেদন করিতে হইবে। তবে প্রয়োজনবোধে কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমোদনক্রমে ফিস এর খাত ও টাকার পরিমাণ পরিবর্তন করিতে পারিবে।

(৪) পরীক্ষায় অংশগ্রহণের জন্য চতুর্থ তফসিলে বর্ণিত ফরম -১ অনুযায়ী আবেদন করিতে হইবে এবং আবেদনপত্র ফরম ক্রয় করিতে হইবে এবং আবেদনপত্র ফরমের কোন ফটোকপি গ্রহণযোগ্য হইবে না। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে আবেদন ফরম এর পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করিতে পারিবে।

(৫) আবেদনপত্রের সহিত নিম্নলিখিত কাগজাদি সংযোজন করিতে হইবে,

যথাঃ--

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের এক কপি ছবি;

(খ) সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র বা কাউন্সিলর অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি; অথবা National ID Card-এর সত্যায়িত অনুলিপি;

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং নম্বরপত্রের কপি; এবং

(ঘ) কর্তৃপক্ষের অনুকূলে, প্রথম তফসিলে উলিস্নখিত পরিশোধিত অর্থের রসিদ অথবা কোন রাষ্ট্রায়ত্ব ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা অর্থ পরিশোধের অন্য কোন প্রমাণপত্র।

৬) কোন আবেদনপত্র অসম্পূর্ণ থাকিলে কিংবা আবেদনপত্রের সহিত উপ-বিধি (৫) এ বর্ণিত কাগজপত্র সংযোজিত না থাকিলে কর্তৃপক্ষ উহা বাতিল করিতে পারিবে।

৭) আবেদনপত্র দাখিল ও বাছাই, প্রবেশপত্র তৈরি ও বিতরণ, পরীক্ষা গ্রহণ, ফলাফল তৈরি, নিবন্ধন, প্রত্যয়নপত্র বিতরণ ইত্যাদি কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করিবার লক্ষে কর্তৃপক্ষ তাহার শিক্ষক নিবন্ধন পরীক্ষা পরিচালন ব্যবস্থা, নিবন্ধন, প্রত্যয়ন ও শিক্ষকপুল/ডাটাবেজ তৈরিসহ কর্তৃপক্ষের সামগ্রিক ব্যবস্থাপনায় যুগোপযোগী আধুনিক তথ্য প্রযুক্তিভিত্তিক পদ্ধতি প্রবর্তন করিতে পারিবে।

৬। আবেদনপত্র বাছাই।-- বিধি ৫ এ উলিস্নখিত আবেদনপত্র দাখিলের নির্ধারিত সময় অতিক্রামত হইবার পর বিধি ৭ এর বিধান সাপেক্ষে, কর্তৃপক্ষ আবেদনপত্র বাছাই করিয়া বৈধ আবেদনপত্রগুলি চতুর্থ তফসিলের ২ এ উলিস্নখিত রেজিস্টারে/ডাটাবেজে অমতর্ভূক্ত করিবে।

৭। প্রবেশপত্র।-- (১) কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণের তারিখের যুক্তিসঙ্গত সময়ের পূর্বে বিধি ৬-এ উলিস্নখিত রেজিস্টার/ডাটাবেজে অন্তর্ভুক্ত/সংরক্ষিত বৈধ প্রার্থীগণের অনুকূলে প্রার্থীর রোল নম্বর, পরীক্ষা গ্রহণের তারিখ, সময় ও স্থান উলেস্নখ-সম্বলিত প্রবেশপত্র প্রদানের ব্যবস্থা করিবে।

৮। পরীক্ষার বিষয়সমূহ।--

(১) (ক) এই বিধিমালার অধীন তৃতীয় তফসিলে বর্ণিত আবশ্যিক বিষয়সমূহে Multiple Choice Question (MCQ)

পদ্ধতিতে প্রার্থীদের প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, মাঠ পর্যায়ের চাহিদাসহ অন্য কোন সুনির্দিষ্ট এবং যৌক্তিক কারণে, সরকারের পূর্বানুমতিক্রমে,

তৃতীয় তফসিলে উলেস্নখ নাই এমন বিষয়েরও পরীক্ষা গ্রহণ করা যাইবে;

(খ) প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীদেরকে তৃতীয় তফসিলে উলিস্নখিত স্ব স্ব ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ

করিতে হইবে;

(গ) কর্তৃপক্ষ ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করিবে;

(ঘ) সকল পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্ততা নির্ধারণ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধামত্ম চূড়ামত্ম বলিয়া গণ্য

হইবে।

(২) তৃতীয় তফসিলের প্রথম অংশে উলিস্নখিত বিষয়সমূহ সকল প্রর্থীর জন্য আবশ্যিক বিষয় বলিয়া গণ্য হইবে। আবশ্যিক বিষয়সমূহের পরীক্ষা নৈর্ব্যক্তিক বা রচনামূলক অথবা নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নের সমন্বয়ে গ্রহণ করা যাইবে। নৈর্ব্যক্তিক পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে ভুল উত্তরের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিতমতে নম্বর কর্তনযোগ্য হইবে।

(৩) দ্বিতীয় তফসিলের জুনিয়র শিক্ষক, ইবতেদায়ী প্রধান, জুনিয়র মৌলবি ও ইবতেদায়ী ক্বারী পদসমূহের জন্য ক্ষেত্রমত, ফাজিল, আলিম বা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় প্রার্থীর পদের সহিত সংশেস্নষ রহিয়াছে এমন বিষয় বা বিষয়সমূহে পরীক্ষা গ্রহণ করিতে হইবে ।

(৪) উপ-বিধি(৩) এ উলিস্নখিত পদসমূহ ব্যতীত দ্বিতীয় তফসিলের--

(ক) কলেজ, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিকোত্তর/উচ্চ মাধ্যমিক কারিগরি/ভোকেশনাল/ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষা প্রতিষ্ঠান, আইন মহাবিদ্যালয়, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসার কোন পদের জন্য একজন প্রার্থী তৃতীয় তফসিলের দ্বিতীয় অংশের দফা (অ) তে উলিস্নখিত বিষয়সমূহ হইতে তাঁহার প্রার্থিত পদসংশিষ্ট একটি বিষয় নির্বাচন করিবেন এবং আবেদনপত্রে তাহা উলেস্নখ করিবেন।

(খ) মাধ্যমিক বা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদরাসা, ভোকেশনাল/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের কোন পদের জন্য একজন প্রার্থী তৃতীয় তফসিলের দ্বিতীয়

অংশের দফা (আ) তে উলিস্নখিত বিষয়সমূহের মধ্য হইতে সণাতক সস্মরে তাহার পাঠ্যসূচীভুক্ত ছিল, পদ সংশিস্নষ্ট এমন একটি বিষয় নির্বাচন করিবেন এবং আবেদনপত্রে তাহা উলেস্নখ করিবেন;

(গ) দাখিল স্তরের কোন পদের জন্য একজন প্রার্থী তৃতীয় তফসিলের দ্বিতীয় অংশের দফা (আ) তে উলিস্নখিত বিষয়সমূহের মধ্য হইতে ক্রমিক নং ২২, ২৩ ও ২৪ এ উলিস্নখিত বিষয়সমূহ ফাজিল স্তরে তাহার পাঠ্যসূচীভূক্ত ছিল, পদসংশিষ্ট এমন একটি বিষয় নির্বাচন করিবেন এবং আবেদনপত্রে তাহা উলেস্নখ করিবেন; এবং

(ঘ) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের কোন পদের জন্য একজন প্রার্থী তৃতীয় তফসিলের দ্বিতীয় অংশের দফা (ই) তে উলিস্নখিত বিষয়সমূহের মধ্যে হইতে তাঁহার পদসংশিষ্ট একটি বিষয় নির্বাচন করিবেন এবং আবেদনপত্রে তাহা উলেস্নখ করিবেন।

(৫) কর্তৃপক্ষ, সরকারের পূর্ব অনুমোদনক্রমে, সকল প্রকার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য তৃতীয় তফসিলে বর্ণিত বিষয়সমূহের পৃথক পৃথক সিলেবাস ও নম্বর নির্ধারণ করিবে।

(৬) কর্তৃপক্ষ, পরীক্ষার্থীদের সুবিধার্থে পরীক্ষার সিলেবাস ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদি সরবরাহের (ম্যানুয়েল/অনলাইন) ব্যবস্থা গ্রহণ করিবে।

৯। উত্তরপত্র ও ফলাফল, ইত্যাদি ।---

(১) উত্তরদানের সাধারণ ভাষা হইবে বাংলা, তবে বিষয়ভিত্তিক প্রয়োজনে কোন প্রার্থীর আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ ইংরেজি ভাষায় পরীক্ষা দেওয়ার অনুমতি দিতে পারিবে;

(১)(ক) প্রতিবন্ধী কোন প্রার্থী নিজে লিখিতে অপারগ হইলে তাহার আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ প্রয়োজ্যমতে তাহাকে স্ক্রাইব (Scribe) এর সহযোগিতায় পরীক্ষা দেওয়ার অনুমতি দিতে পারিবে;

(২) (ক) প্রিলিমিনারি পরীক্ষায় ন্যূনতম পাশের নম্বর হইবে শতকরা ৪০ (চলিস্নশ);

(খ) কর্তৃপক্ষ, এলাকা, বিষয় ও পদ-ভিত্তিক নিরূপিত শিক্ষকের শুন্য পদের ভিত্তিতে প্রয়োজনীয়তা অনুযায়ী ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর সংখ্যা নির্ধারণ করিবে;

(গ) লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের উপজেলা, জেলা এবং জাতীয়-ভিত্তিক মেধাক্রম অনুসারে ফলাফলের তালিকা প্রণয়ন ও প্রকাশ করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন প্রার্থী লিখিত এবং মৌখিক –উভয় ক্ষেত্রে পৃথকভাবে অন্যূন শতকরা ৪০ (চলিস্নশ) নম্বর না পাইলে তিনি কোন মেধা তালিকায় অমত্মর্ভূক্তির যোগ্য হইবেন না;

(ঘ) উত্তীর্ণ প্রার্থীদের মেধা-ভিত্তিক মূল তালিকা ব্যতীত শুন্য পদের সংখ্যার শতকরা ২০ ভাগ প্রার্থী সমন্বয়ে অপেক্ষমান তালিকা করা যাইবে এবং মৃত্যু, চাকুরী ত্যাগ, অনিচ্ছুক প্রার্থী বা অন্য কোন কারণে পদ শুন্য হইলে উক্ত তালিকা হইতে শিক্ষক নিয়োগ করা যাইবে;

(ঙ) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত মেধা তালিকা অনুসরণযোগ্য হইবে।

(৩) (ক) কর্তৃপক্ষ, বিধি ৮-এ বর্ণিত প্রিলিমিনারি পরীক্ষার ফলাফল পরীক্ষা গ্রহণের ২০ (বিশ) দিনের মধ্যে প্রকাশ করিবে, তবে অনিবার্য পরিস্থিতিতে এই সময়সীমা আরও ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে;

(খ) ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষার ফলাফল পরীক্ষা গ্রহণের ৪৫ (পঁয়তালিস্নশ) দিনের মধ্যে প্রকাশ করা হইবে, তবে অনিবার্য পরিস্থিতিতে এই সময়সীমা আরও ১৫ (পনের) দিন বৃদ্ধি করিতে পারিবে;

(গ) মৌখিক পরীক্ষা গ্রহণ সম্পন্ন হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে চূড়ামন্ত ফল প্রকাশ করা হইবে।

(৪)(ক) পরীক্ষার সকল উত্তরপত্র গোপনীয় দলিল বলিয়া বিবেচিত হইবে;

(খ) প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষার উত্তরপত্র পুননিরীক্ষণ বা পুনপরীক্ষণের কোন আবেদন গ্রহণ করা হইবে না এবং এতদসংক্রান্ত কোন তথ্য প্রার্থী বা তাহার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হইবে না;

(গ) সকল পরীক্ষায় কৃতকার্যতা নির্ধারণের ক্ষেত্রে এনটিআরসিএ'র সিদ্ধামন্ত চূড়ামন্ত বলিয়া গণ্য হইবে; এবং

(৫) পরীক্ষার উত্তরপত্র ফলাফল প্রকাশের তারিখ হইতে প্রয়োজন অনুযায়ী অনূর্ধ ৬(ছয়) মাস পর্যমত সংরক্ষণ করা হইবে।

১০। কর্তৃপক্ষ কর্তৃক প্রার্থী নিবন্ধন ও প্রত্যয়ন পত্র প্রদান।----

(১) বিধি ৯ এর উপ-বিধি (৩) অনুযায়ী পরীক্ষার ফল প্রকাশের অনধিক ৯০ (নববই) দিনের মধ্যে কর্তৃপক্ষ উত্তীর্ণ প্রার্থীগণকে চতুর্থ তফসিলে বর্ণিত ফরম-৩ অনুযায়ী শিক্ষক নিবন্ধন রেজিস্টারে বা ডাটাবেজে নিবন্ধন করিবে এবং ফরম- ৪ অনুযায়ী ৩ (তিন) বৎসর মেয়াদী প্রত্যয়নপত্র প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী প্রত্যয়নপত্র প্রদানের জন্য প্রার্থীকে কোন ফি প্রদান করিতে হইবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত প্রত্যয়ন পত্র কর্তৃপক্ষের চেয়ারম্যান ও সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন) কর্তৃক স্বাক্ষরিত হইবে।

(৪) কোন প্রার্থীর প্রত্যয়নপত্র হারাইয়া/পুড়িয়া গেলে বা অন্য কোনভাবে বিনষ্ট হইলে নিকটস্থ থানায় আবেদনকারীর দায়েরকৃত জেনারেল ডায়েরি (জিডি)-র কপি ও ছবিসহ আবেদনের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ নির্ধারিত ফি'র বিনিময়ে প্রার্থীর অনুকূলে ডুপ্লিকেট প্রত্যয়নপত্র সরবরাহ করিতে পারিবে।

১১। শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের নিবন্ধন ও প্রত্যয়ন।-- কর্তৃপক্ষের নিবন্ধন ও প্রত্যয়নপত্র ব্যতীত কোন ব্যক্তি কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দ্বিতীয় তফসিলে উল্লিখিত কোন পদে শিক্ষক হিসাবে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

১২। মিথ্যা তথ্য প্রদান ইত্যাদির দন্ড।--

(১) যদি কোন প্রার্থী তাঁহার আবদনপত্রে মিথ্যা তথ্য প্রদান করেন কিংবা কোন তথ্য গোপন করেন কিংবা তাঁহার শিক্ষাগত যোগ্যতা বা জাতীয়তা সনদ বা বয়স সম্পর্কিত সনদ বা অন্য কোন কাগজপত্র বা সনদের জাল কপি দাখিল করেন, তাহা হইলে তাঁহার পরীক্ষা বাতিল করা হইবে এবং পরবর্তী কোন পরীক্ষায়ও তাঁহাকে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না, অধিকন্তু তাহার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করা যাইবে।

(২) কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র প্রদানের পর কোন প্রার্থী সম্পর্কে উপ-বিধি (১) এর অধীন ভিন্নরূপ কোন তথ্য বা অভিযোগ পাওয়া গেলে যথাযথ তদসাপেক্ষে তাঁহার নিবন্ধন বাতিল করিয়া প্রত্যয়নপত্র প্রত্যাহার করা হইবে এবং তিনি কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পাইয়া থাকিলে উক্ত নিয়োগ বাতিল হইয়া যাইবে, নিয়োগলাভের কারণে প্রাপ্ত আর্থিক সুবিধাদি ফেরতযোগ্য হইবে এবং তাহার বিরুদ্ধে ফৌজদারী কার্যক্রমও গ্রহণ করা যাইবে। কোন ব্যক্তি কর্তৃপক্ষের নামে জাল প্রত্যয়নপত্র সৃষ্টি করিলে এবং উহা ব্যবহার করিয়া কোন শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত হইলে তাহার বিরুদ্ধেও একইরূপ কার্যব্যবস্থা গ্রহণ করা যাইবে।

## প্রথম তফসিল

(বিধি-৫ ও ১০
দ্রষ্টব্য)
[বেসরকারি শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও
প্রত্যয়ন বিধিমালা, ২০০৬]

| ক্রমিক নং | বিষ | ফিসের হার (টাকায়) |
|---|---|---|
| ১। | পরীক্ষায় অংশগ্রহণ ও অন্যান্য বাবদ মোট ফি-র পরিমাণ | ৩৫০.০০ (তিনশত পঞ্চাশ টাকা) |

১. তবে কর্তৃপক্ষ সময় সময় সরকারের পূর্বানুমতিক্রমে ফিস-এর হার যুক্তিসঙ্গতভাবে হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে।

২. ইতোপূর্বে অনুষ্ঠিত পরীক্ষার ক্ষেত্রে ফিস-এর এই হারে প্রযোজ্য হইবে না।

# দ্বিতীয়
# তফসিল

(বিধি-৫ দ্রষ্টব্য)

## [বেসরকারি শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬]

(ক) কলেজ, আইন মহাবিদ্যালয়, আলিম, ফাজিল ও কামিল মাদরাসা ঃ

| ক্রমিক নং | পদের নাম | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১. | প্রভাষক (বিষয়-ভিত্তিক) তৃতীয় তফসিলের ’(খ) দ্বিতীয় অংশ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশিষ্ট বিষয়ে অনার্স ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রী অথবা সংশিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (অন্যান্য স্তরে সমগ্র শিক্ষা জীবনে একটি ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ |
| ২. | প্রভাষক (আরবি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রি। তবে সমগ্র শিক্ষা জীবনে অন্যান্য পরীক্ষায় একটির |
| ৩. | প্রভাষক (কম্পিউটার) | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান/সমাজ বিজ্ঞান/মানবিক বিভাগসমূহের যে কোন বিষয়ে অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; এবং নট্রামস বা সরকার নির্ধারিত কোন প্রতিষ্ঠান হইতে কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত; অথবা,<br>১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; এবং নট্রামস বা সরকার নির্ধারিত কোন প্রতিষ্ঠান হইতে কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত; অথবা,<br>৪ বছরের মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং নট্রামস বা সরকার নির্ধারিত কোন প্রতিষ্ঠান হইতে কম্পিউটার কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত।<br>তবে সমগ্র শিক্ষাজীবনে অন্যান্য পরীক্ষায় একটির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ |
| ৪. | প্রদর্শক | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা,<br>সংশিষ্ট বিষয়সহ বিজ্ঞান বিভাগে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রি। |
| ৫. | শরীর চর্চা শিক্ষক | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর বি.পি.এডসহ স্নাতক ডিগ্রি।<br>তবে সমগ্র শিক্ষাজীবনে অন্যান্য পরীক্ষায় একটির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ |

(খ) নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বিদ্যালয় এবং দাখিল ও তদূর্ধ্ব পর্যায়ের মাদরাসা

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ১. | সহকারী শিক্ষক (বাংলা/ইংরে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ৩০০ নম্বরের বাংলা/ইংরেজি পাঠ্যবিষয়ভুক্ত ও ২য় শ্রেণীর বিএডসহ স্নাতক<br>ডিগ্রি; অথবা<br>সংশিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা |
| ২. | সহকারী শিক্ষক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়  হইতে ২য় শ্রেণীর বিএডসহ স্নাতক ডিগ্রি, এক্ষেত্রে স্নাতক পর্যায়ে সংশিষ্ট বিষয়<br>পাঠ্যসূচিভুক্ত থাকতে হবে; অথবা |
| | | সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>তবে সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত নহেন। |
| ৩. | সহকারী শিক্ষক (গণিত ও সাধারণ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি  এবং ২য় শ্রেণীর বি.এড; অথবা<br>সংশিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা |
| ৪. | সহকারী শিক্ষক (বিজ্ঞান) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর বিএডসহ বিজ্ঞান বিভাগে স্নাতক<br>ডিগ্রি ; অথবা সংশিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৫. | সহকারী শিক্ষক (কৃষি) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি/ কৃষি অর্থনীতি/ মৎস্য/পশুপালন/কৃষি প্রকৌশল/ডিভিএম/<br>মৃত্তিকাবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/ প্রাণিবিদ্যা বিষয়ে স্নাতক ডিগ্রি ; অথবা<br>সংশিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br>চার বছর মেয়াদি কৃষি ডিপ্লোমা। |
| ৬. | সহকারী শিক্ষক | স্নাতক ডিগ্রি ও তৎসহ নট্রামস হইতে বা সরকার কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান হইতে কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত<br>হইতে হইবে। |
| ৭. | সহকারী শিক্ষক (বেসিক ট্রেড) | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি।<br>তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত নহেন। |
| ৮. | সহকারী শিক্ষক ( ধর্ম) | ইসলাম ধর্ম ঃ<br>কোন স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় হইতে ফাজিল ডিগ্রি।<br>তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত নহেন।<br>অন্যান্য ধর্ম ঃ<br>অন্য ধর্মের ক্ষেত্রে সংশিষ্ট ধর্মীয় বিষয়সহ স্নাতক ডিগ্রি। |
| ৯. | সহকারী শিক্ষক | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর বিপিএডসহ স্নাতক ডিগ্রি।<br>তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত নহেন। |
| ১০. | সহকারী | কোন স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় হইতে ফাজিল ডিগ্রি।<br>তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত নহেন। |
| ১১. | ইবতেদায়ি | কোন স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় হইতে ফাজিল ডিগ্রি।<br>তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত নহেন। |
| ১২. | জুনিয়র মৌলবি | কোন স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় হইতে আলিম ডিগ্রি।<br>তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত নহেন। |
| ১৩. | জুনিয়র শিক্ষক | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক পাশ হইতে হইবে।<br>তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত নহেন। |
| ১৪. | ইবতেদায়ি | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণীর দাখিল (মুজাবিবদ) পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। তবে জিপিএ ২.৫- |

(গ) কারিগরি
শিক্ষা
প্রতিষ্ঠান

(অ) বেসরকারি পলিটেকনিক/টেক্সটাইল/কৃষি ইনস্টিটিউট/উচ্চ মাধ্যমিক
কারিগরি ও ভোকেশনাল

| ক্রঃ নং | পদের নাম | বয়সসীমা | শিক্ষাগত |
|---|---|---|---|
| ১. | ইন্সট্রাক্টর (টেক) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিভাগে ২য় শ্রেণী বিএসসি (ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল টেকনোলজি/এগ্রি)/বিএড টেকনিক্যাল বা বিএসসি-ইন-টেকনিক্যাল |
| ক্রঃ নং | পদের নাম | বয়সসীমা | শিক্ষাগত |
| | | | কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট টেকনোলজিতে প্রথম শ্রেণীতে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং/ ভোকেশনাল এডুকেশন/টেক্সটাইল টেকনোলজি/কৃষি ডিপ্লোমা বা উহার সমমান এবং স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিকোত্তর পর্যায়ে জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) বা সমমানের পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা বা |
| ২. | ইনস্ট্রাক্টর (নন-টেক/ প্রভাষক সাধারণ) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা, কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি ২য় শ্রেণীর (সম্মান) ডিগ্রি। তবে সকল ক্ষেত্রে অন্যান্য পরীক্ষায় একটির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর |
| ৩. | জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) | অনধিক ৩০ বছর | কোন স্বীকৃত বোর্ড হইতে সংশ্লিষ্ট টেকনোলজিতে প্রথম বিভাগে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ ভোকেশনাল এডুকেশন/ টেক্সটাইল টেকনোলজি/ কৃষি ডিপ্লোমা বা সমমান। তবে সকল ক্ষেত্রে অন্যান্য পরীক্ষায় একটির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএর ২.৫-এর |
| ৪. | জুনিয়র ইন্সট্রাক্টর (নন টেক) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা, স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা, সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি। |

(আ) উচ্চ মাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট ঃ

| ক্রঃ নং | পদের নাম | বয়সসীমা | শিক্ষাগত |
|---|---|---|---|
| ১. | প্রভাষক (কম্পিউটার অপারেশন) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি এবং সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে কম্পিউটার প্রশিক্ষণ সার্টিফিকেট; অথবা স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণীর স্নাতক সম্মান ডিগ্রি এবং সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে কম্পিউটার প্রশিক্ষণ সার্টিফিকেট। |

| | | | |
|---|---|---|---|
| ২. | প্রভাষক (সাচিবিক বিদ্যা ) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি এবং সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে বাণিজ্যিক ডিপেমা বা বহুভাষিক সেক্রেটারিয়েল সায়েন্স প্রশিক্ষণ সার্টিফিকেট;<br>অথবা<br>সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি এবং সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে বাণিজ্যিক ডিপেমা বা বহুভাষিক সেক্রেটারিয়েল সায়েন্স প্রশিক্ষণ সার্টিফিকেট।<br>তবে উভয় ক্ষেত্রে অন্যান্য পরীক্ষায় একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর |
| ৩. | প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ;<br>অথবা<br>সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি। |
| ক্রঃ নং | পদের নাম | বয়সসীমা | শিক্ষাগত |
| ৪. | প্রভাষক (হিসাব বিজ্ঞান/হিসা | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি। |
| ৫. | প্রভাষক (ব্যাংকিং) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি। |
| ৬. | প্রভাষক (সাধারণ ভাষা) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ;<br>অথবা<br>সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি। |
| ৭. | প্রভাষক (ব্যবস্থাপনা) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ;<br>অথবা<br>সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি। |

(ই) মাধ্যমিকস্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) ঃ

| ক্রঃ নং | পদের নাম | বয়সসীমা | শিক্ষাগত |
|---|---|---|---|
| ১. | ট্রেড ইনস্ট্রাক্টর | অনধিক ৩০ বছর | ২য় শ্রেণীর ডিপেমা -ইন-ইঞ্জিনিয়ারিং বা ২য় শ্রেণীর ডিপেমা-ইন-ভোকেশনাল এডুকেশন বা উহার সমমান। |
| ২. | সহকারী শিক্ষক | অনধিক ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর বিএডসহ স্নাতক ডিগ্রি ।<br>তবে অন্যান্য পরীক্ষায় একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত |

| | | | |
|---|---|---|---|
| ৩. | জুনিয়র ট্রেড ইন্সট্রাক্টর | অনধিক ৩০ বছর | ২য় শ্রেণীর ডিপেমা -ইন-ইঞ্জিনিয়ারিং বা ২য় শ্রেণীর ডিপেমা-ইন-ভোকেশনাল এডুকেশন বা উহার সমমান। |

(ঈ) উচ্চমাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ঃ

| ক্রঃ নং | পদের নাম | বয়সসীমা | শিক্ষাগত |
|---|---|---|---|
| ১. | ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর বিএসসি (ইঞ্জিনিয়ারিং) বিএড (টেকনিক্যাল) বা বিএসসি (টেকনিক্যাল এডুকেশন) বা বিএসসি (ভোকেশানল এডুকেশন) বা উহার সমমান; অথবা প্রথম শ্রেণীতে ডিপেমা-ইন ইঞ্জিনিয়ারিং বা ডিপেমা-ইন-ভোকেশনাল এডুকেশন বা উহার সমমান এবং স্বীকৃত কোন কারিগরি বা ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিকোত্তর পর্যায়ে জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) বা সমমানের পদে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা অথবা শিল্প কারখানায় ২ বছরের অভিজ্ঞতাসহ স্বীকৃত কোন কারিগরি বা ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানে জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) বা সমমানের পদে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা। |
| ২. | জুনিয়র ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বোর্ড হইতে সংশিষ্ট টেকনোলজিতে প্রথম বিভাগে ডিপেমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা ডিপেমা-ইন-ভোকেশনার এডুকেশন। তবে সকল ক্ষেত্রে অন্যান্য পরীক্ষায় একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর |
| ৩. | প্রভাষক (সাধারণ) | অনধিক ৩০ বছর | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সংশিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি ; অথবা সংশিষ্ট বিষয়ে চার বছর মেয়াদি ২য় শ্রেণীর সম্মান ডিগ্রি। |

(ঈ) প্রতিষ্ঠান প্রধান/উপপ্রধান ও সহকারী অধ্যাপক

(১) মহাবিদ্যালয় ঃ

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| অধ্যক্ষ | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা, সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা, চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি। তবে সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক | উপাধ্যক্ষ / সহকারী অধ্যাপক / উচ্চ মাধ্যমিক মহাবিদ্যালয়ের অধ্যক্ষ পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ মোট ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |
| উপাধ্যক্ষ | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা, সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা, চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি। তবে সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক | সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতাসহ মোট ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |

(২) উচ্চমাধ্যমিক মহাবিদ্যালয় ঃ

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| অধ্যক্ষ | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা,<br>সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা,<br>চার বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>তবে সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত নহেন। | সহকারী অধ্যাপক পদে মহাবিদ্যালয়ে ৫ বছরের<br>অভিজ্ঞতাসহ মোট ১২ বছরের শিক্ষকতার<br>অভিজ্ঞতা। |
| সহকারী অধ্যাপক | প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>চার বছর মেয়াদি ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>তবে সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক | সংশিষ্ট পদে ৮ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |

(৩) উচ্চমাধ্যমিক বিদ্যালয় ঃ

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| অধ্যক্ষ | প্রাথমিক পর্যায়ের পর উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের যথাবিধি নিয়োগ প্রাপ্ত সহকারী অধ্যাপক পদধারীরাই কেবল জ্যেষ্ঠতানুসারে অধ্যক্ষ পদে নিয়োগ/পদোন্নতিযোগ্য হইবে।<br>অথবা সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা | (ক) সংশিষ্ট বিদ্যালয়ে ন্যূনতম ৫ বছরের<br>শিক্ষকতার অভিজ্ঞতা।<br>(খ) ১০ বছরের সহকারী অধ্যাপক/প্রভাষক পদের<br>অভিজ্ঞতা। |

(৪) মাধ্যমিকোত্তর কারিগরি ডিপেমা (পলিটেকনিক/কৃষি/টেক্সটাইল) ইনস্টিটিউট ঃ

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| অধ্যক্ষ | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর বি.এসসি (ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল টেকনোলজি/এজি) বা বি.এড (টেকনিক্যাল) বা বি.এসসি (টেকনিক্যাল এডুকেশন) বা সমমান তবে সকল ক্ষেত্রে সমগ্র | স্বীকৃত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিকোত্তর পর্যায়ে ন্যূনতম ১২ বছরের শিক্ষকতা / প্রশাসনিক অভিজ্ঞতা, তন্মধ্যে উপাধ্যক্ষ পদে ৩ |
| উপাধ্যক্ষ | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর বি.এসসি (ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল টেকনোলজি/এজি) বা বি.এড (টেকনিক্যাল) বা বি.এসসি (টেকনিক্যাল এডুকেশন) বা সমমান; অথবা<br>প্রথম বিভাগে ডিপেমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা সমমান | স্বীকৃত কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিকোত্তর পর্যায়ে ইন্সট্রাক্টর পদে ন্যূনতম ৮ বছরের অভিজ্ঞতা। |

(৫) উচ্চমাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট ঃ

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| অধ্যক্ষ | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর বি.এসসি (ইঞ্জিনিয়ারিং) বা বি.এড (টেকনিক্যাল) বা বি.এসসি (টেকনিক্যাল এডুকেশন) বা বি.এসসি (ভোকেশনাল এডুকেশন) বা সমমান; অথবা<br>প্রথম বিভাগে ডিপেমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা ডিপেমা-ইন-<br>ভোকেশনাল এডুকেশন বা | স্বীকৃত কোন কারিগরি বা ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিকোত্তর পর্যায়ে ইন্সট্রাক্টর (টেকনিক্যাল) পদে ন্যূনতম ৮ বছরের অভিজ্ঞতা। |

(৬) উচ্চমাধ্যমিক ব্যবসায় ব্যবস্থাপনা ঃ

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| অধ্যক্ষ | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে সামাজিক বিজ্ঞান/বাণিজ্যিক বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; অথবা সামাজিক বিজ্ঞান/বাণিজ্যিক বিষয়ে অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি। তবে সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক | প্রভাষক পদে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা। |

(৭) মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট ঃ

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| সুপারিনটেনডেন্ট | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর বি.এস.সি (ইঞ্জিনিয়ারিং) বা বি.এড (টেকনিক্যাল) বা বি.এস.সি (টেকনিক্যাল এডুকেশন) বা বি.এস.সি (ভোকেশনাল এডুকেশন) বা উহার সমমান। তবে সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় | স্বীকৃত কারিগরি/ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠানে ১২ বছরের শিক্ষকতা /প্রশাসনিক অভিজ্ঞতা, অথবা ২ বছরের শিল্প কারখানায় এবং ১০ বছরের কারিগরি/ভোকেশনাল শিক্ষকতায়/ |

(৮) মাধ্যমিক বিদ্যালয় ঃ

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| প্রধান শিক্ষক | স্নাতকসহ বি.এড। তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫- এর নিচে প্রাপ্ত নহেন। | সহকারী প্রধান শিক্ষক হিসাবে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতাসহ শিক্ষকতায় নিরবিচ্ছিন্নভাবে বিদ্যালয়ে ১৫ বছরের |
| সহকারী | স্নাতকসহ বি.এড। | বিদ্যালয়ে ১২ বছরের শিক্ষকতার |
| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
| শিক্ষক | তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫- এর নিচে প্রাপ্ত নহেন। | |

(৯) নিম্নমাধ্যমিক বিদ্যালয় ঃ

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| প্রধান শিক্ষক | স্নাতকসহ বি.এড। তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫- এর নিচে প্রাপ্ত নহেন। | বিদ্যালয়ে ১২ বছরের প্রশাসনিক/শিক্ষকতার অভিজ্ঞতা। |

(১০) মাদরাসা ঃ

(ক) দাখিল মাদরাসা

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| সুপারিনটেনডেন্ট | কামিল দ্বিতীয় শ্রেণী। তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ | দাখিল মাদরাসায় কমপক্ষে ১০ বছরের শিক্ষকতা/প্রশাসনিক অভিজ্ঞতা। |
| সহকারী সুপারিনটেনডেন্ট | কামিল দ্বিতীয় শ্রেণী। তবে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ | দাখিল মাদরাসায় কমপক্ষে ৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |

(খ) আলিম মাদরাসা

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| অধ্যক্ষ | প্রথম শ্রেণীর কামিল ডিগ্রি; অথবা<br>দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রিসহ আরবি/ ইসলামিক স্টাডিজে দ্বিতীয়<br>শ্রেণীর মাস্টার্স ডিগ্রি। | দাখিল মাদরাসায় ৮ বছরের প্রশাসনিক অভিজ্ঞতা; অথবা<br>মাদরাসায় প্রভাষক পদে ৮ বছরের অভিজ্ঞতা। |

(গ) ফাজিল মাদরাসা

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| অধ্যক্ষ | দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রি; অথবা<br>দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রিসহ আরবি/ইসলামিক স্টাডিজে দ্বিতীয়<br>শ্রেণীর মাস্টার্স ডিগ্রি; অথবা<br>দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রিসহ বিদেশী বিশ্ববিদ্যালয়ের আরবি ভাষার | কামিল/ফাজিল মাদ্রাসায় প্রশাসনিক অথবা মুহাদ্দিস<br>/ মুফাসসির / ফকীহ / আদীব পদে অথবা সহকারী<br>অধ্যাপক পদে ১০ বছরের অভিজ্ঞতা; অথবা<br>আলিম মাদরাসায় অধ্যক্ষ হিসাবে ১০ |
| উপাধ্যক্ষ | দ্বিতীয় শ্রেণীর কমিল ডিগ্রি; অথবা<br>দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রিসহ বিদেশী বিশ্ববিদ্যালয়ের আরবি ভাষার<br>উপর ডিগ্রি। | ফাজিল/কামিল রের মাদরাসায় প্রভাষক পদে ৬ বছরের অভিজ্ঞতা অথবা আলিম মাদরাসায় অধ্যক্ষ পদে ৭ বছরের অভিজ্ঞতা। |

(ঘ) কামিল মাদরাসা

| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
|---|---|---|
| অধ্যক্ষ | প্রথম শ্রেণীর কামিল ডিগ্রি বা উহার সমতুল্য ডিগ্রি; অথবা আরবি বা<br>ইসলামিক স্টাডিজে প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রিসহ যে কোন | কামিল শ্রেণীতে ১২ বছরের শিক্ষকতা / প্রশাসনিক<br>অভিজ্ঞতা। |
| পদের নাম | যোগ্য | অভিজ্ঞ |
| | তবে সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক<br>তৃতীয় বিভাগ/শ্রেণী/জিপিএ ২.৫-এর নিচে প্রাপ্ত নহেন। | |
| উপাধ্যক্ষ | প্রথম শ্রেণীর কামিল ডিগ্রি অথবা উহার সমতুল্য ডিগ্রি অথবা আরবি বা ইসলামিক স্টাডিজে প্রথম শ্রেণীর মাস্টার্স ডিগ্রিসহ যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রি।<br>তবে সকল ক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে একাধিক তৃতীয় | কামিল শ্রেণীতে ৮ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। |

তৃতীয়
তফসিল
[বেসরকারি শিক্ষক পরীক্ষা গ্রহণ, নিবন্ধন ও প্রত্যয়ন
বিধিমালা, ২০০৬] [বিধি ৮
দ্রষ্টব্য]
পরীক্ষার
বিষয়সমূহ
(ক) প্রথম অংশ - আবশ্যিক
বিষয়সমূহ

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় |
|---|---|
| ১। | বাংলা |
| ২। | ইংরেজি |
| ৩। | সাধারণ গণিত |
| ৪। | সাধারণ জ্ঞান / শিক্ষাতত্ত্ব |

(খ) দ্বিতীয় অংশ - ঐচ্ছিক বিষয়সমূহ

(অ) কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিকোত্তর/উচ্চ মাধ্যমিক কারিগরি/ভোকেশনাল/ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষা প্রতিষ্ঠান এবং আলিম ও তদূর্ধ্ব পর্যায়ের মাদরাসা ঃ

| ক্রমিক নং | পরীক্ষার বিষয় |
|---|---|
| ১. | বাংলা |
| ২. | ইংরেজি |
| ৩. | অর্থনীতি |
| ৪. | রাষ্ট্রবিজ্ঞান |
| ৫. | ইতিহাস |
| ৬. | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| ৭. | দর্শন |
| ৮. | সমাজবিজ্ঞান |
| ৯. | সমাজকল্যাণ/সমাজকর্ম |
| ১০. | মনোবিজ্ঞান |
| ১১. | গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান |
| ১২. | পদার্থবিজ্ঞান |
| ১৩. | রসায়ন |
| ১৪. | গণিত |
| ১৫. | প্রাণিবিদ্যা |
| ১৬. | উদ্ভিদবিজ্ঞান |
| ১৭. | কম্পিউটারবিজ্ঞান |
| ১৮. | ভূগোল ও পরিবেশবিজ্ঞান |
| ১৯. | পরিসংখ্যান |
| ২০. | মৃত্তিকাবিজ্ঞান |
| ২১. | কৃষি |
| ২২. | গার্হস্থ্যঅর্থনীতি |
| ২৩. | ব্যবস্থাপনা |
| ২৪. | হিসাববিজ্ঞান |
| ২৫. | মার্কেটিং |
| ২৬. | ফিন্যান্স |

২৭. আরবি
২৮. সংস্কৃত
২৯. পালি
৩০. ইসলামী শিক্ষা
৩১. আদব
৩২. তফসির
৩৩. হাদিস
৩৪. ফিকহ
৩৫. শারীরিক শিক্ষা ও ক্রীড়া
৩৬. ফৌজদারি আইন
৩৭. দেওয়ানি আইন
৩৮. উচ্চাঙ্গ সঙ্গীত
৩৯. রবীন্দ্র সঙ্গীত
৪০. নজরুল সঙ্গীত
৪১. লোক সঙ্গীত

(আ) নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান/দাখিল ও তদূর্ধ্ব পর্যায়ের মাদরাসা ঃ

ক্রমিক নং পরীক্ষার বিষয়

১. বাংলা
২. ইংরেজি
৩. অর্থনীতি
৪. রাষ্ট্রবিজ্ঞান
৫. ইতিহাস
৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৭. সমাজবিজ্ঞান
৮. সমাজকল্যাণ/সমাজকর্ম
৯. ইসলামশিক্ষা
১০. বৌদ্ধধর্ম
১১. হিনদুধর্ম
১২. খ্রিস্টধর্ম
১৩. পদার্থবিজ্ঞান
১৪. রসায়ন
১৫. গণিত
১৬. প্রাণিবিদ্যা
১৭. উদ্ভিদবিজ্ঞান
১৮. ভূগোল ও পরিবেশবিজ্ঞান
১৯. কম্পিউটারশিক্ষা
২০. কৃষিশিক্ষা
২১. গার্হস্থ্যঅর্থনীতি

২২. শারীরিক শিক্ষা ও ক্রীড়া

২৩. ব্যবসায়শিক্ষা

২৪. বেসিক ট্রেড

২৫. এবতেদায়ি মাদরাসার জুনিয়র মৌলবি পদের বিষয়

২৬. এবতেদায়ি মাদরাসার জুনিয়র শিক্ষক পদের বিষয়

২৭. এবতেদায়ি মাদরাসার ক্বারি পদের বিষয়

(ই) কারিগরি শিক্ষা
প্রতিষ্ঠান ঃ

(১) মাধ্যমিক (ভোকেশনাল)

| ক্রমিক | পরীক্ষার বিষয় | ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজির নাম |
|---|---|---|
| ১. | এগ্রোবেজড ফুড | এগ্রিকালচার টেকনোলজি |
| ২. | ফিস কালচার এন্ড ব্রিডিং | এগ্রিকালচার টেকনোলজি |
| ৩. | লাইভস্টক এন্ড রিয়ারিং | এগ্রিকালচার টেকনোলজি |
| ৪. | পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং | এগ্রিকালচার টেকনোলজি |
| ৫. | ফ্রুট এন্ড ভেজিটেবল কাল্টিভেশন | এগ্রিকালচার টেকনোলজি |
| ৬. | শ্রিম্প কালচার এন্ড ব্রিডিং | এগ্রিকালচার টেকনোলজি |
| ৭. | ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন | এগ্রিকালচার টেকনোলজি |
| ৮. | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস | ইলেকট্রনিক্স টেকনোলজি |
| ৯. | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | ইলেকট্রনিক্স টেকনোলজি |
| ১০. | জেনারেল ইলেকট্রনিক্স | ইলেকট্রনিক্স টেকনোলজি |
| ১১. | অডিও ভিডিও সিস্টেম | ইলেকট্রনিক্স টেকনোলজি |
| ১২. | অটোমোটিভ | অটোমোবাইল/পাওয়ার টেকনোলজি |
| ১৩. | ফার্ম মেশিনারি | পাওয়ার টেকনোলজি |
| ১৪. | রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং | পাওয়ার টেকনোলজি |
| ১৫. | বিল্ডিং মেইনটেন্যান্স | সিভিল টেকনোলজি |
| ১৬. | সিভিল কন্সট্রাকশন | সিভিল টেকনোলজি |
| ১৭. | সিভিল ড্রাফটিং উইথ ক্যাড | সিভিল টেকনোলজি |
| ১৮. | পম্বিং অ্যান্ড পাইপ ফিটিংস | সিভিল টেকনোলজি |
| ১৯. | উড ওয়ার্কিং | উড/সিভিল টেকনোলজি |
| ২০. | আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড | আর্কিটেকচার/সিভিল টেকনোলজি |
| ২১. | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | কম্পিউটার টেকনোলজি |
| ২২. | মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড | মেকানিক্যাল টেকনোলজি |
| ২৩. | জেনারেল মেকানিক্স | মেকানিক্যাল টেকনোলজি |
| ২৪. | মেশিন টুলস অপারেশন | মেকানিক্যাল টেকনোলজি |
| ২৫. | ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন | মেকানিক্যাল টেকনোলজি |
| ২৬. | ফাউন্ডি ওয়ার্কস | মেকানিক্যাল টেকনোলজি |
| ২৭. | ড্রেস মেকিং এন্ড টেইলারিং | টেক্সটাইল টেকনোলজি |
| ২৮. | ডাইং, প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং | টেক্সটাইল টেকনোলজি |
| ২৯. | নিটিং | টেক্সটাইল টেকনোলজি |
| ৩০. | উইভিং | টেক্সটাইল টেকনোলজি |
| ৩১. | গস | গস সিভিল টেকনোলজি |
| ৩২. | সিরামিক | সিরামিক টেকনোলজি |
| ৩৩. | পেশেন্ট কেয়ার টেকনিক | হেলথ টেকনোলজি |

(২) উচ্চমাধ্যমিক (ভোকেশনাল)

| ক্রমিক | পরীক্ষার বিষয় | ট্রেড/টেকনোলজির নাম |
|---|---|---|
| ১. | ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স | ইলেকট্রিক্যাল টেকনোলজি |
| ২. | ক্লদিং অ্যান্ড গার্মেন্টস ফিনিসিং | টেক্সটাইল টেকনোলজি |
| ৩. | এগ্রোমেশিনারি | পাওয়ার টেকনোলজি |
| ৪. | অটোমোবাইল | অটোমোবাইল/ পাওয়ার টেকনোলজি |
| ৫. | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং/ পাওয়ার |
| ৬. | কম্পিউটার অপারেশন অ্যান্ড | কম্পিউটার টেকনোলজি |
| ৭. | ইলেকট্রনিক কন্ট্রোল অ্যান্ড কমিউনিকেশন | ইলেকট্রনিক্স টেকনোলজি |
| ৮. | মেশিন টুল অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স | মেকানিক্যাল টেকনোলজি |
| ৯. | ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন | মেকানিক্যাল টেকনোলজি |
| ১০. | বিল্ডিং কনস্ট্রাকশন অ্যান্ড মেইনটেন্যান্স | সিভিল টেকনোলজি |
| ১১. | ড্রাফটিং এন্ড সিভিল | সিভিল টেকনোলজি |
| ১২. | উড এন্ড ডিজাইন | উড/সিভিল টেকনোলজি |
| ১৩. | পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং | এগ্রিকালচার টেকনোলজি |
| ১৪. | ফিশ কালচার এন্ড ব্রিডিং | এগ্রিকালচার টেকনোলজি |

(৩) এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম ঃ

| ক্রমিক | পদের নাম | ট্রেড/টেকনোলজির নাম |
|---|---|---|
| ১. | প্রভাষক (কম্পিউটার অপারেশন) | কম্পিউটার টেকনোলজি |
| ২. | প্রভাষক (সেক্রেটারিয়াল সায়েন্স) | ব্যবস্থাপনা |
| ৩. | প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন) | ব্যবস্থাপনা |
| ৪. | প্রভাষক (হিসাব রক্ষণ) | হিসাব বিজ্ঞান |
| ৫. | প্রভাষক (ব্যাংকিং) | ফিন্যান্স/ব্যাংকিং |

(৪) ডিপ্লোমা লেভেল ইন্সটিটিউট ঃ

| ক্রমিক | পরীক্ষার বিষয় | ট্রেড / টেকনোলজির নাম |
|---|---|---|
| ১. | সিভিল | সিভিল টেকনোলজি/সিভিল ইঞ্জিনিয়ারিং/কন্সট্রাকশন ইঞ্জিনিয়ারিং |
| ২. | সিভিল (উড) | সিভিল (উড) টেকনোলজি/সিভিল টেকনোলজি |
| ৩. | সার্ভেয়িং | সার্ভেয়েং টেকনোলজি /সিভিল টেকনোলজি/সিভিল ইঞ্জিনিয়ারিং |
| ৪. | কন্সট্রাকশন | কন্সট্রাকশন টেকনোলজি/ সিভিল টেকনোলজী/ সিভিল ইঞ্জিনিয়ারিং |
| ৫. | মেকানিক্যাল | মেকানিক্যাল টেকনোলজি/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৬. | ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল | ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল টেকনোলজি/প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল |
| ৭. | মেকাট্রনিক্স | মেকাট্রনিক্স টেকনোলজি/প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৮. | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন টেকনোলজি/ পাওয়ার টেকনোলজি/ মেকানিক্যাল |
| ৯. | পাওয়ার | পাওয়ার টেকনোলজি /কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ১০. | কেমিক্যাল | কেমিক্যাল টেকনোলজি/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ১১. | ফুড | ফুড টেকনোলজি/কেমিক্যাল টেকনোলজি/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং |

| | | |
|---|---|---|
| ১২. | অটোমোবাইল | অটোমোবাইল টেকনোলজি/পাওয়ার টেকনোলজি/মেকানিক্যাল ইনিঞ্জিনিয়ারিং |
| ১৩. | ইলেকট্রিক্যাল | ইলেকট্রিক্যাল টেকনোলজি/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং |
| ১৪. | কম্পিউটার | কম্পিউটার টেকনোলজি/কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি/কম্পিউটার |
| ১৫. | কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি | কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি / কম্পিউটার টেকনোলজি/কম্পিউটার |
| ১৬. | আর্কিটেকচার | আর্কিটেকচার টেকনোলজি/ আর্কিটেকচার এন্ড ইন্টারিয়র ডিজাইন টেকনোলজি/ আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং |
| ১৭. | আর্কিটেকচার এন্ড ইন্টারিয়র ডিজাইন | আর্কিটেকচার টেকনোলজি/ আর্কিটেকচার এন্ড ইন্টারিয়র টেকনোলজি/ আর্কিটেকচার |
| ১৮. | ইলেকট্রনিক্স | ইলেকট্রনিক্স টেকনোলজি/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং |
| ১৯. | ইলেকট্রমেডিক্যাল | ইলেকট্রমেডিক্যাল টেকনোলজি |
| ২০. | এনভায়রণমেন্টাল | এনভায়রণমেন্টাল টেকনোলজি/এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং |
| ২১. | গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন | গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং টেকনোলজি/ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং |
| ২২. | টেক্সটাইল | টেক্সটাইল টেকনোলজি/ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং |
| ২৩. | মাইনিং এন্ড মাইন সার্ভে | মাইনিং এন্ড মাইন সার্ভে টেকনোলজি/ইঞ্জিনিয়ারিং |
| ২৪. | টেলিকমিউনিকেশন | টেলিকমিউনিকেশন টেকনোলজি/ইলেকট্রনিক্স টেকনোলজি/ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং |
| ২৫. | ডাটা টেলিকমিউনিকেশন এন্ড | ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনোলজি/ইলেকট্রনিক্স টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি / কম্পিউটার |
| ২৬. | সিরামিক | সিরামিক টেকনোলজি মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ২৭. | গস | গস টেকনোলজি/ মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ২৮. | প্রিন্টিং | প্রিন্টিং টেকনোলজি/ মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ২৯. | গ্রাফিক ডিজাইন | গ্রাফিক টেকনোলজি/মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং |
| ৩০. | মেরিন | মেরিন টেকনোলজি/নেভাল আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং |
| ৩১. | শিপ বিল্ডিং | শিপ বিল্ডিং টেকনোলজি/নেভাল আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং |
| ৩২. | এগ্রিকালচার | এগ্রিকালচার টেকনোলজি/এগ্রি ইঞ্জিনিয়ারিং |

(ঈ) প্রতিষ্ঠান প্রধান/উপপ্রধান ও সহকারী অধ্যাপক পদের জন্য ঃ

| ক্রমিক | পরীক্ষার | পদের নাম |
|---|---|---|
| ১. | বেসরকারি কলেজ শিক্ষা ব্যবস্থাপনা | অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সহকারী অধ্যাপক |
| ২. | বেসরকারি স্কুল শিক্ষা ব্যবস্থাপনা | প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক |
| ৩. | বেসরকারি মাদরাসা শিক্ষা | সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষ/সহকারী সুপারিনটেনডেন্ট |
| ৪. | বেসরকারি কারিগরি শিক্ষা | অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট |